



জীবন বৃত্তান্ত

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ জাহেদুল হাছান বিগত ১৬ এপ্রিল, ২০২৪ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের নতুন প্রকল্প পরিচালক নিযুক্ত হয়েছেন। দেশ বরেণ্য পরমাণু বিজ্ঞানী ড. মোঃ শৌকত আকবর বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান পদে নিযুক্ত হওয়ায় ড. হাছান প্রকল্প পরিচালক পদে স্থলাভিষিক্ত হন।

ড. মোঃ জাহেদুল হাছান ১৯৬৬ সালের ৩১ মে ব্রাহ্মণবাড়িয়া জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগ থেকে ১৯৮৫-৮৬ সেশনে অনার্স এবং ১৯৮৮-৮৯ সেশনে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউটে (আইআইটি) শিক্ষকতার মধ্য দিয়ে কর্মজীবন শুরু করেন। ১৯৯৪ সালের ২৩ নভেম্বর, ড. হাছান বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে (বাপশক) পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (এনএসআরসি) বিভাগে একজন বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। ১৯৯৯ সালে তিনি জাপানের সাগা বিশ্ববিদ্যালয় হতে এনার্জি বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

পিএইচডি শেষ করে ড. হাছান বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের পারমাণবিক শক্তি ও জ্বালানি বিভাগে (এনপিইডি) যোগদান করেন। তাঁর কর্মজীবন জুড়ে পারমাণবিক প্রকৌশল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে অসামান্য দক্ষতার স্বাক্ষর রেখেছেন। তিনি রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ সংক্রান্ত চুক্তি যেমন (ক) ফিজিবিলিটি ইভ্যালুয়েশন চুক্তি, (খ) ডিজাইন ডকুমেন্টেশন প্রণয়ন সংক্রান্ত চুক্তি, (গ) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের প্রথম পর্যায়ের অগ্রাধিকারমূলক কাজের চুক্তি, (ঘ) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের মূল পর্যায়ের কাজের জেনারেল কন্ট্রাক্ট চুক্তি, (ঙ) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জন্য লাইফ টাইম ফ্রেশ নিউক্লিয়ার ফুয়েল সরবরাহ চুক্তি, (চ) আন্তঃরাষ্ট্রীয় ঋণ চুক্তি এবং (ছ) স্পেন্ট নিউক্লিয়ার ফুয়েল রাশিয়ান ফেডারেশনে ফেরত দেওয়ার বিষয়ে বাংলাদেশ ও রাশিয়ান ফেডারেশনের মধ্যে আন্তঃরাষ্ট্রীয় চুক্তি (আইজিএ) সম্পাদনে অগ্রণী ভূমিকা পালন করেছেন।

ড. মোঃ জাহেদুল হাছান আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা (আইএইএ) এর একজন বিশেষজ্ঞ হিসেবেও দায়িত্ব পালন করেছেন এবং বর্তমানে বাংলাদেশে নিউক্লিয়ার নলেজ ম্যানেজমেন্ট গুপের দেশীয় সমন্বয়কারী হিসেবে সেবা প্রদান করছেন। এছাড়াও, ২০১৩ সাল থেকে বাংলাদেশে Comprehensive Nuclear-Test-Ban Treaty Organization (CTBTO) এর বাংলাদেশ বিষয়ক ম্যানেজমেন্টে দায়িত্ব পালন করছেন। তিনি রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের সূচনালগ্ন হতে উপ-প্রকল্প পরিচালক (প্রথম) হিসেবে দক্ষতার সাথে কাজ করেছেন।

চাকুরির পাশাপাশি তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগে Adjunct Professor (২০১৩-২০১৬) হিসেবেও নিযুক্ত হন ও রিঅ্যাক্টর ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালনা করেন। তাঁর দীর্ঘ কর্মজীবনে তিনি উল্লেখযোগ্য সংখ্যক ম্নাতকোত্তর ও পিএইচডি শিক্ষার্থীদের গবেষণা কর্মের তত্ত্বাবধান করেন। ড. হাছান বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বনামধন্য জার্নালে ৫০টি গবেষণা নিবন্ধ প্রকাশ করেছেন তন্মধ্যে ২০টি নিবন্ধ যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্য ভিত্তিক বিভিন্ন খ্যাতনামা জার্নালে স্থান পেয়েছে।